**<u>কেবলমাত্র সরকারি কাজে ব্যবহার্য</u>**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা।**

# ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

**মূল্য সংযোজন কর অনুবিভাগ**

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**সেগুনবাগিচা, ঢাকা।**

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২০/১৯৭ তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/১১ জুন,২০২০খ্রিঃ

**বিষয়ঃ** **২০২০-২০২১ অর্থবছরের বাজেটে আনীত পরিবর্তনের ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে করণীয় সংক্রান্ত নির্দেশনা।**

২০২১ সালের মধ্যে মধ্যমে আয়ের দেশ এবং ২০৪১ সালে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিপুল পরিমাণ বিনিয়োগ প্রয়োজন। আর সরকারী খাতে বড় বিনিয়োগের জন্য রাজস্ব আহরণ বৃদ্ধির কোন বিকল্প নেই। ব্যবসা বাণিজ্যের পরিবেশ আরো মসৃণ করা ও অর্থনৈতিক উন্নয়নে আরো গতি সঞ্চার করাসহ প্রত্যাশিত রাজস্ব আহরণ এর উদ্দেশ্যসমূহকে সামনে রেখে ২০২০-২১ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। বাজেটে মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থাকে আরও স্বচ্ছ, সহজ ও করদাতা বান্ধব করার লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। এছাড়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন করা হয়েছে। এর পাশাপাশি The Excises and Salt Act, 1944 এর কতিপয় ধারা সংশোধন/সংযোজন করা হয়েছে এবং কিছুক্ষেত্রে আবগারি শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের বাজেটে গৃহীত কার্যক্রমসমূহের উল্লেখযোগ্য অংশ নিম্নরূপ:

০২। The Excises and Salt Act, 1944 এর আওতায় বকেয়া পাওনা আদায়ে কার্যকর সুস্পষ্ট বিধান করার নিমিত্তে The Excises and Salt Act, 1944 এর নিম্নোক্ত সংশোধনীসমূহ আনা হয়েছেঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | Section 2 এর Clause aa সংযোজন | (aa) "associate" means such a relation between two or more persons as would make one act or reasonably expected to act in accordance with the intention of the other or make both acts or reasonably expected to act in accordance with the intention of a third person, and it also includes the following persons, namely—<br>(a) a partner of a partnership;<br>(b) a shareholder of a company;<br>(c) a Trust and a beneficiary of such Trust; or<br>(d) a joint venture for property development and the landowner as a partner of that joint venture, builder, or other related person, but does not include the persons with employment relations; | The Excises and Salt Act, 1944 এর আওতায় বকেয়া আদায় কার্যক্রম আরো কার্যকর ও ফলপ্রসু করার লক্ষ্যে এ বিধান করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ২. | Section (II) সংযোজন | (ll) "government entity" means—<br>(a) a government or any of its ministries, divisions, or attached departments;<br>(b) a semi-government entity or an autonomous body;<br>(c) a state-owned enterprise; or<br>(d) a local authority, council, or a similar organization;" | মূল্য সংযোজন কর আইনের সাথে সামঞ্জস্য রেখে সরকারি স্বত্তার সংজ্ঞা সংযোজন করা হয়েছে। |
| ৩. | Section **3AA** প্রতিস্থাপন | **3AA. Determination of duty.— (**1) The Commissioner of Excise may, after giving a person an opportunity of being heard, determine the amount of duty of excise payable by such person, if the Commissioner reasonably believes that the person has made false or untrue statement in respect of payable duty of excises or if such person fails to pay the payable duty within the prescribed time.<br>(2) In the cases specified in sub-section (1), the Commissioner of Excise shall, within 45 (forty five) working days from the date of hearing, serve a notice of the determination of duty upon such person, which shall, along with other necessary particulars, contain the following matters, namely—<br>(a) the reason for such determination, the amount of duty payable as a result of such determination and a description of the basis on or before such amount of duty is determined;<br>(b) the date by which such duty shall be payable, but such date shall be at least 15 (fifteen) working days after the date on which the notice is served; and<br>(c) the time and place of filing appeal against such determination of duty.<br><br>(3) The Commissioner of Excise shall not make a determination of duty for a duty period at the expiry of 5 (five) years after such tax period, unless a person wilfully neglects or commits a fraud in order to evade payment of duty, conceals or distorts any information, and any other offences under Value Added Tax and Supplementary Duty Act, 2012 (Act No. 47 of 2012).<br><br>(4) If a person fails to pay a payable duty on or before the due date of payment, he shall be liable to pay an | মূল্য সংযোজন কর আইনের ন্যায় The Excises & Salt Act, 1944 এ কর নির্ধারণের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এ ধারার বিধান অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে কর নির্ধারণ করতে হবে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
| --- | --- | --- | --- |
| | | interest at a simple rate of 2% (two percent) per month on the amount of payable duty, from the next day, after the date such payment becomes due until the date the payment is made.<br><br>(5) Nothing in this section shall prevent a Commissioner of Excise from imposing a fine mentioned in section 9.”। | |
| ৪. | Section 9 এর Clause (g) সংশোধন | উক্ত Act এর section 9 এর clause (g) তে উল্লিখিত “five thousand or ten times” শব্দগুলির পরিবর্তে “five lac or two times” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | জরিমানার পরিমাণ যুগোপযোগী করা হয়েছে। |
| ৫. | Section 11 প্রতিস্থাপন | **11. Recovery of Government Dues.-** (1) When under this Act or any rules made thereunder, a duty is payable to the Government by any person or a penalty is adjudicated against any person or a notice or demand is served upon any person calling for the payment of any amount unpaid which may be payable by way of duty, penalty or under any bond or other instrument executed under the rules and such duty, penalty or other sum is not paid within the time it was required to be paid, an Excise Officer, not below the rank of Assistant Commissioner, may at any time-<br><br>(a) deduct or require any other Excise, Customs or Value Added Tax (VAT) Officer to deduct the amount so payable from any money owing to such person or due which may be in the hands or at the disposal or under the control of such Officer or of the Government;<br><br>(b) require, by a notice in writing, any person owing any money to the person from whom such duty or penalty or any other sum is recoverable or due, to pay to such officer the amount specified in the notice, or the whole of such money if it is less than the amount so recoverable or due, within 7 (seven) days of the receipt of the notice or within such longer time as may be allowed by such officer;<br><br>(c) recover such amount by attachment and sale of excisable goods or any plant, machinery and equipment used for the manufacture of such goods or any other goods in the factory or bonded warehouse or in any premises where any excisable services are provided or rendered;<br><br>(d) stop removal of any goods belonging to such person or his associates from Customs control in the | আবগারি শুল্কের বকেয়া আদায় কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এ ধারাটি নতুনভাবে সংযোজন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | sea port, airport, land port, any other Customs-station or from such factory, bonded warehouse or premises till such amount is paid or recovered in full;<br><br>(e) require any officer of Customs to recover such amount by detaining and selling any goods belonging to such person which are under the control of the Customs authorities;<br><br>(f) require, by a notice in writing, any Government Entity to stop any excisable services till such amount is paid or recovered in full;<br><br>(g) require, by a notice in writing, any Scheduled Bank having deposit of money of the person from whom such duty or regulatory duty or penalty or any other sum is recoverable to pay to such officer the amount specified in the notice or to freeze the account or make the account inoperative on respect of the notice.<br><br>(2) If the amount is not recovered from such person in the manner provided in sub-section (1), the Excise Officer may prepare a certificate signed by him specifying the amount due from the person liable to pay the same and send it to the Deputy Collector (DC) in which such person resides or owns any property or conducts his business and the said Collector shall, on receiving such certificate, proceed to recover the amount specified in the certificate as a public demand or as if it were an arrear of land revenue.<br><br>(3) The Government may appoint one or more officers to exercise the powers of a Certificate-officer under the Public Demands Recovery Act, 1913 (Bengal Act III of 1913) for the purpose of recovering the amount specified in a certificate prepared under sub-section (2), and when more than one Certificate-officers are so appointed the Government may also specify their territorial or other jurisdiction."। | |
| ৬. | Section 13 এর Clause (g) সংশোধন | উক্ত Act এর section 13 এর clause (g) তে উল্লিখিত "Superintendent" শব্দের পরিবর্তে "Revenue Officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | বর্তমানে Superintendent পদবীটি বিলুপ্ত হওয়ায় আইনের সাথে সামঞ্জস্য |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | | রেখে পরিবর্তন করা হয়েছে। |
| ৭. | FIRST SCHEDULE এর PART-II এর "SERVICES" টেবিলের সংশোধন | উক্ত Act এর FIRST SCHEDULE এর PART-II এর "SERVICES" শিরোনামাধীন টেবিলের কলাম (1) এর Service Code E032.00 এর বিপরীতে কলাম (3) তে উল্লিখিত ''Taka 30,000.00 (thirty thousand)'' শব্দগুলি, সংখ্যাটি, কমা এবং বন্ধনীর পরিবর্তে ''Taka 40,000.00 (forty thousand)'' শব্দগুলি, সংখ্যাটি, কমা এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে। | আবগারি শুল্কের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে। |

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও উহার তফসিলসমূহে নিম্নোল্লিখিত সংশোধনীসমূহ আনা হয়েছেঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | ধারা ২ এর দফা (১৭) প্রতিস্থাপন | দফা (১৭) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৭) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(১৭) "আমদানিকৃত সেবা " অর্থ বাংলাদেশের বাহির হইতে সরবরাহকৃত সেবা;" | আমদানিকৃত সেবার সংজ্ঞা সুনির্দিষ্ট করা হয়েছে। |
| ২. | ধারা ২ এর দফা (১৮ক) সন্নিবেশ | (১৮ক) "উপকরণ" অর্থ সকল প্রকার কাঁচামাল , ল্যাবরেটরী রি -এজেন্ট, ল্যাবরেটরী ইকুইপমেন্ট , ল্যাবরেটরী এক্সেসরিজ, জ্বালানী হিসাবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী , সেবা, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ; তবে নিম্নবর্ণিত পণ্য বা সেবাসমূহ উপকরণ হিসাবে বিবেচিত হইবে না, যথা:-<br>(ক) শ্রম, ভূমি, ইমারত, অফিস ইকুইপমেন্ট ও ফিক্সচার, দালানকোঠা বা অবকাঠামো বা স্থাপণা নির্মাণ, সুষমীকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন, সম্প্রসারণ, সংস্কারকরণ ও মেরামতকরণ;<br>(খ) সকল প্রকার আসবাবপত্র, অফিস সাপ্লাই, স্টেশনারী দ্রব্যাদি, রেফ্রিজারেটর ও ফ্রিজার, এয়ারকন্ডিশনার, ফ্যান, আলোক সরঞ্জাম, জেনারেটর ক্রয় বা মেরামতকরণ;<br>(গ) ইন্টেরিয়র ডিজাইন, স্থাপত্য পরিকল্পনা ও নকশা;<br>(ঘ) যানবাহন ভাড়া ও লিজ গ্রহণ;<br>(ঙ) ভ্রমণ, আপ্যায়ন, কর্মচারীর কল্যাণ, উন্নয়নমূলক কাজ ও উহার সহিত সংশ্লিষ্ট পণ্য বা সেবা; এবং | নতুনভাবে 'উপকরণ' এর সংজ্ঞা আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। সংজ্ঞা অনুযায়ী উপকরণ হিসেবে বিবেচিত হওয়ার যোগ্য পণ্য/সেবার বিপরীতে আইনানুযায়ী রেয়াত গ্রহণ করা যাবে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (চ) ব্যবসা প্রতিষ্ঠানের প্রাঙ্গন, অফিস, শো-রুম বা অনুরূপ ক্ষেত্র, যে নামেই অভিহিত হউক না কেন, ভাড়া (Rent) গ্রহণ :<br>তবে শর্ত থাকে যে, এই আইনের তৃতীয় তফসিলের অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত "ব্যবসায়ী" কর্তৃক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে বিক্রয়, বিনিময় বা প্রকারান্তে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্যকোনভাবে সংগৃহীত পণ্য "উপকরণ" হিসাবে গণ্য হইবে;"; | |
| ৩. | ধারা ২ এর দফা (১৯) প্রতিস্থাপন | দফা (১৯) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৯) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(১৯) "উপকরণ কর" (Input Tax) অর্থ কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক উপকরণ হিসাবে আমদানিকৃত পণ্য বা সেবার বিপরীতে আমদানি পর্যায়ে পরিশোধিত মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) এবং স্থানীয় উৎস হইতে উপকরণ হিসাবে ক্রয়কৃত বা সংগৃহীত পণ্য বা সেবার বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর;"; | স্থাবর সম্পত্তি উপকরণের সংজ্ঞা থেকে বাদ দেয়া হয়েছে। |
| ৪. | ধারা ২ এর দফা (৩৮) প্রতিস্থাপন | দফা (৩৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৩৮) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(৩৮) "কোম্পানি" অর্থ বাংলাদেশ বা অন্য কোন দেশের বিদ্যমান কোন আইনের অধীন কোম্পানি হিসাবে নিগমিত কোন প্রতিষ্ঠান;"; | অন্যান্য আইনের সাথে সামঞ্জস্য রেখে 'কোম্পানীর' সংজ্ঞা পরিবর্তন করা হয়েছে। |
| ৫. | ধারা ২ এর দফা (৪০) সংশোধন | দফা (৪০) নিম্নরূপে সংশোধন করা হয়েছে।<br>"(৪০) "চালানপত্র" অর্থ পণ পরিশোধের দায় সংক্রান্ত কোন দলিল;"; | আইনের সাথে সামঞ্জস্য রেখে সংজ্ঞাটি সংশোধন করা হয়েছে। |
| ৬. | ধারা ২ এর দফা (৫৭) সংযোজন | দফা (৫৭) এর শেষাংশে নিম্নরূপ শর্ত সংযোজন করা হয়েছে।<br>"তবে শর্ত থাকে যে, ধারা ৪ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) এর অধীন কোন ব্যক্তিকে নিবন্ধিত করিবার ক্ষেত্রে এই নিবন্ধনসীমা প্রযোজ্য হইবে না;"; | টার্নওভার নির্বিশেষে স্ব-উদ্যোগে নিবন্ধনকে আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ করার জন্য এ সংশোধন করা হয়েছে। |
| ৭. | ধারা ২ এর দফা (৬২) | দফা (৬২) এর উপ-দফা (ক) তে উল্লিখিত "পণ্য বা সেবার উপকরণ" শব্দগুলির পরিবর্তে "পণ্য বা সেবা" | স্পষ্টীকরণের জন্য ভাষা |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | সংশোধন | শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | সংশোধন করা হয়েছে। |
| ৮. | ধারা ২ এর দফা (৭৪) এর উপ-দফা (ছ) সংযোজন | দফা (৭৪) এর উপ-দফা (চ) এর পর নিম্নরূপ উপ-দফা (ছ) সংযোজিত হইবে, যথা:-<br>"(ছ) অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান;"; | কোম্পানী ব্যতীত অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান ব্যক্তির সংজ্ঞায় অন্তর্ভুক্ত না থাকায় ভ্যাটের আওতা বৃদ্ধির জন্য এ সংশোধন করা হয়েছে। |
| ৯. | ধারা ২ এর দফা (৮২)বিলুপ্ত | দফা (৮২) তে উল্লিখিত "পণ্য" শব্দটি বিলুপ্ত হইবে; | "পণ্য" শব্দটি বিলুপ্ত করা হলে রপ্তানি বলতে পণ্য বা সেবা উভয়ই বুঝাবে। |
| ১০. | ধারা ২ এর দফা (১০৩) প্রতিস্থাপন | দফা (১০৩) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১০৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(১০৩) "হ্রাসকারী সমন্বয়" অর্থ নিম্নবর্ণিত কোন হ্রাসকারী সমন্বয়, যথা:—<br>(ক) আগাম কর হিসাবে পরিশোধিত অর্থের হ্রাসকারী সমন্বয়;<br>(খ) সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত করের হ্রাসকারী সমন্বয়;<br>(গ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়ন বা নিরীক্ষার ফলে প্রযোজ্য হ্রাসকারী সমন্বয়;<br>(ঘ) ক্রেডিট নোট ইস্যুর কারণে হ্রাসকারী সমন্বয়;<br>(ঙ) রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত উপকরণ করের হ্রাসকারী সমন্বয়;<br>(চ) মূসক হার হ্রাস পাইবার ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;<br>(ছ) পূর্ববর্তী কর মেয়াদ হইতে নেতিবাচক অর্থের পরিমাণ জের টানার নিমিত্ত হ্রাসকারী সমন্বয়;<br>(জ) পূর্ববর্তী কর মেয়াদে অতিরিক্ত পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয়; বা<br>(ঝ) নির্ধারিত অন্য কোন হ্রাসকারী সমন্বয়।"। | কতিপয় অপ্রয়োজনীয় অংশ বাদ দিয়ে সংজ্ঞাটি প্রাঞ্জল করার লক্ষ্যে এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১১. | ধারা ৫ সংশোধন | উক্ত আইনের ধারা ৫ এর-<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "নির্ধারিত পদ্ধতিতে" শব্দগুলির পরিবর্তে "নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং<br>(খ) উপ-ধারা (১) এর শর্তাংশের প্রান্তঃস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-<br>"আরও শর্ত থাকে যে, কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ ও কর পরিশোধের লক্ষ্যে বোর্ড বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।"। | নিবন্ধনের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত শর্ত ও পদ্ধতি অনুসরণ করতে হবে। |
| ১২. | ধারা ৮ সংশোধন | উক্ত আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে" শব্দগুলি বিলুপ্ত হইবে। | একই শব্দ দুইবার উল্লেখ থাকায় এ সংশোধনী আনয়ন করা হয়েছে। |
| ১৩. | ধারা ১২ সংশোধন | উক্ত আইনের ধারা ১২ নিম্নরূপে সংশোধন করা হয়েছে।<br>(ক) উপান্তটীকায় উল্লিখিত "কমিশনার কর্তৃক" শব্দগুলি বিলুপ্ত হইবে;<br>(খ) দুইটি স্থানে উল্লিখিত "কমিশনার" শব্দটির পরিবর্তে, উভয়স্থানে, "সংশ্লিষ্ট কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তা (বিভাগীয় কর্মকর্তা) কর্তৃক স্ব-উদ্যোগে নিবন্ধন প্রদান করতে হবে। |
| ১৪. | ধারা ৩১ সংশোধন | উক্ত আইনের ধারা ৩১ এর-<br>(ক) উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(২) করযোগ্য আমদানির উপর মূসক যে সময় ও পদ্ধতিতে আদায় করা হয় সেই একই সময় ও পদ্ধতিতে করযোগ্য আমদানির মূসক আরোপযোগ্য ভিত্তিমূল্যের উপর বোর্ড কর্তৃক নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে পণ্য উৎপাদনের লক্ষ্যে আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে ৪ (চার) শতাংশ হারে এবং অন্যান্য ক্ষেত্রে ৫ (পাঁচ) শতাংশ হারে আগাম কর প্রদেয় হইবে।"; | সাধারণ আদেশ নং- ১০/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রি: এর শর্ত ও পদ্ধতি পরিপালন সাপেক্ষে উৎপাদনকারী প্রতিষ্ঠান উপকরণ আমদানির ক্ষেত্রে ৪ শতাংশ হারে |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | আগাম কর প্রদানপূর্বক কাঁচামাল আমদানি করতে পারবে। |
| | | (খ) উপ-ধারা (৩) এ উল্লিখিত "দুইটি কর মেয়াদের" শব্দগুলির পরিবর্তে "চারটি কর মেয়াদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | আগাম কর হ্রাসকারী সমন্বয় গ্রহণের সময় বৃদ্ধি করা হয়েছে। |
| ১৫. | ধারা ৩২ এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৩২ এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(২) আমদানিকৃত সেবার করযোগ্য সরবরাহের পণ হইবে সরবরাহে র মূল্য বা সরবরাহকারী এবং সরবরাহগ্রহীতা পরস্পর সম্পর্কযুক্ত হইলে ন্যায্য বাজার মূল্য।"। | আমদানিকৃত সেবার মধ্যে মূসক অন্তর্ভুক্ত না থাকার কারণে সেবার মূল্য নির্ধারণে সরবরাহ মূল্য অথবা ন্যায্যবাজার মূল্যকে ভিত্তি হিসেবে গ্রহণ করতে হবে। |
| ১৬. | ধারা ৩৩ এর উপ-ধারা (৩) সংশোধন | উক্ত আইনের ধারা ৩৩ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত "৬০ (ষাট)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে। | গ্যাস, পানি ও বিদ্যুতের উপর আদায়কৃত মূসক পরিশোধের সময়কাল যৌক্তিক করা হয়েছে। |
| ১৭. | ধারা ৪৬ সংশোধন | উক্ত আইনের ধারা ৪৬ এর –<br>(ক) উপ-ধারা (১) এর-<br>(অ) দফা (গ) তে উল্লিখিত "দুইটি কর মেয়াদের" শব্দগুলির পরিবর্তে "চারটি কর মেয়াদের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | রেয়াত গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (আ) দফা (ঙ) তে উল্লিখিত “ক্রয় হিসাব পুস্তকে” শব্দের পর “বা ক্রয়-বিক্রয় হিসাব পুস্তকে ” শব্দগুলি সন্নিবেশিত হইবে; | ব্যবসায়ী কর্তৃক রেয়াত গ্রহণের ক্ষেত্রে ক্রয়-বিক্রয় হিসাব পুস্তক যথাযথভাবে সংরক্ষণ বাধ্যতামূলক। |
| | | (ই) দফা (ড) এর প্রান্তঃস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা সংযোজিত হইবে, যথা:-<br>“(ঢ) মোট উপকরণ মূল্য ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের অধিক পরিবর্তনের ক্ষেত্রে নূতন উপকরণ-উৎপাদ সহগ প্রদান না করিলে অতিরিক্ত বর্ধিত উপকরণ কর।”; | উপকরণ মূল্য ৭.৫% এর বেশী বৃদ্ধি পেলে নতুন সহগ ঘোষণা না করলে রেয়াত প্রাপ্য হবে না। |
| | | (খ) উপ-ধারা (২) এর- দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(ঘ) উক্ত অর্জন পণ্য পরিবহন সেবা সংক্রান্ত ব্যয়ের ৮০ (আশি) শতাংশের অধিক হয়।”; | পরিবহন সেবা সংশ্লিষ্ট ব্যয়ের ৮০ শতাংশকে রেয়াতযোগ্য করা হয়েছে। |
| | | (গ) উপ-ধারা (৩) এর-<br>(অ) দফা (ঘ) তে উল্লিখিত “(৫)” বন্ধনী ও সংখ্যার পরিবর্তে “(২)” বন্ধনী ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে; | মুদ্রণ প্রমাদ সংশোধন। |
| | | (আ) দফা (ঘ) এর প্রান্তঃস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:-<br>“(ঙ) গ্যাস, পানি, বিদ্যুৎ ও টেলিফোন সেবার উপর পরিশোধিত মূসক রেয়াত গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত বিল , যাহা চালানপত্র হিসাবে গণ্য হইবে।”। | গ্যাস, পানি, বিদ্যুত ও টেলিফোন সেবা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত চালানকে ‘মূসক চালানপত্র’ হিসেবে গ্রহণ করা যাবে। |
| ১৮. | ধারা ৪৭ এর উপ-ধারা (১) ও (৩) প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৪৭ এর-<br>(ক) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(১) যে ক্ষেত্রে কোন নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সরবরাহের নিমিত্ত কোন নির্দিষ্ট কর মেয়াদে যে | পণ্য উৎপাদনে যে পরিমাণ উপকরণ ব্যবহার করা হবে সেই পরিমাণ |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | পরিমাণ উপকরণ ব্যবহার করেন, উক্ত ব্যক্তির প্রাপ্য উপকরণ কর রেয়াত সেই পরিমাণের ভিত্তিতে নিরূপণ করিতে হইবে।";<br>(খ) উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(৩) প্রতি কর মেয়াদে এই ধারার সহিত সংশ্লিষ্ট আমদানি কিংবা অর্জনের ক্ষেত্রে যে পরিমাণ উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে উহা নিম্নবর্ণিত সূত্র অনুযায়ী নিরূপণ করিতে হইবে:<br>I x T/A<br>যেক্ষেত্রে-<br>I হইল উপ-ধারা (১) এর সহিত সংশ্লিষ্ট আমদানিকৃত কিংবা অর্জিত উপকরণ হইতে নিবন্ধিত ব্যক্তি যে পরিমাণ উপকরণ ব্যবহার করেন তাহার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন করের মোট পরিমাণ;<br>T হইল কোন কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত ১৫ (পনের) শতাংশ হারে করযোগ্য সকল সরবরাহের মূল্য; এবং<br>A হইল কোন কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত সকল সরবরাহের মূল্য।"। | উপকরণ কর ধারার বর্ণিত বিধান অনুযায়ী রেয়াত গ্রহণ করা যাবে। |
| ১৯. | ধারা ৪৮ প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৪৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৪৮ প্রতিস্থাপন করা হয়েছে।<br>**"৪৮। সমন্বয়।-** (১) নির্ধারিত পরিমাণ, শর্ত, সময়সীমা ও পদ্ধতিতে করদাতা নিম্নবর্ণিত ক্ষেত্রে বৃদ্ধিকারী সমন্বয় সাধন করিতে পারিবেন, যথা:—<br>(ক) উৎসে কর্তিত করের বৃদ্ধিকারী সমন্বয়;<br>(খ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়নের ফলে বৃদ্ধিকারী সমন্বয়;<br>(গ) ব্যাংকিং চ্যানেলে অর্থ পরিশোধ না করিবার ফলে বৃদ্ধিকারী সমন্বয়;<br>(ঘ) ব্যক্তিগত উদ্দেশ্যে ব্যবহৃত (private use) পণ্যের ক্ষেত্রে বৃদ্ধিকারী সমন্বয়;<br>(ঙ) নিবন্ধিত হইবার পর বৃদ্ধিকারী সমন্বয়;<br>(চ) নিবন্ধন বাতিলের কারণে বৃদ্ধিকারী সমন্বয়;<br>(ছ) মূসক হার পরিবর্তিত হইবার কারণে বৃদ্ধিকারী সমন্বয়;<br>(জ) সুদ, জরিমানা, অর্থদণ্ড, ফি ইত্যাদি পরিশোধ সংক্রান্ত বৃদ্ধিকারী সমন্বয়; বা<br>(ঝ) নির্ধারিত অন্য কোন বৃদ্ধিকারী সমন্বয়। | সংজ্ঞার সাথে সামঞ্জস্য রেখে বৃদ্ধিকারী ও হ্রাসকারী সমন্বয়ের বিধান সংশোধন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (২) নির্ধারিত পরিমাণ, শর্ত, সময়সীমা ও পদ্ধতিতে করদাতা নিম্নবর্ণিত ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন, যথা:—<br>(ক) আগাম কর হিসাবে পরিশোধিত অর্থের হ্রাসকারী সমন্বয়;<br>(খ) সরবরাহকারী কর্তৃক প্রদত্ত সরবরাহের বিপরীতে উৎসে কর্তিত করের হ্রাসকারী সমন্বয়;<br>(গ) বাৎসরিক পুনঃহিসাব প্রণয়ন বা নিরীক্ষার ফলে প্রযোজ্য হ্রাসকারী সমন্বয়;<br>(ঘ) ক্রেডিট নোট ইস্যুর কারণে হ্রাসকারী সমন্বয়;<br>(ঙ) রপ্তানির ক্ষেত্রে পরিশোধিত উপকরণ করের হ্রাসকারী সমন্বয়;<br>(চ) মূসক হার হ্রাস পাইবার ক্ষেত্রে হ্রাসকারী সমন্বয়;<br>(ছ) পূর্ববর্তী কর মেয়াদ হইতে নেতিবাচক অর্থের পরিমাণ জের টানিবার নিমিত্ত হ্রাসকারী সমন্বয়;<br>(জ) পূর্ববর্তী কর মেয়াদে অতিরিক্ত পরিশোধিত মূসক হ্রাসকারী সমন্বয়; বা<br>(ঝ) নির্ধারিত অন্য কোন হ্রাসকারী সমন্বয়।"। | |
| ২০. | ধারা ৪৯ সংশোধন | উক্ত আইনের ধারা ৪৯ এর-<br>(ক) উপ-ধারা (১) এর প্রারম্ভে উল্লিখিত "উপ-ধারা" শব্দের পূর্বে "ধারা ৩৩ এর বিধানাবলী সত্ত্বেও," শব্দগুলি, সংখ্যা এবং কমা সন্নিবেশিত হইবে; | (ক) উৎসে মূসক কর্তনের ক্ষেত্রে বিপরীত নীতি অনুসৃত হয় বিধায় ধারা ৩৩ এর উপর ধারা ৪৯ এর প্রাধান্য প্রতিষ্ঠার লক্ষ্যে। |
| | | (খ) উপ-ধারা (২) এ উল্লিখিত "সমন্বিত কর চালানপত্র এবং উৎসে কর কর্তন সনদপত্র " শব্দগুলির পরিবর্তে "কর চালানপত্র" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | (খ) আইনের সাথে সামঞ্জস্য রেখে কর চালানপত্র শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | (গ) উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৫) সংযোজিত হইবে, যথা:-<br>"(৫) কোন প্রকল্পের আওতায় কোন সেবা গ্রহণকারী কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর যদি সেবা গ্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি সেবার মূল্য বা কমিশন পরিশোধকালে নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারি ট্রেজারিতে জমা করেন এবং উক্ত সেবা সরবরাহকারী ব্যক্তি কর্তৃক উক্ত সমুদয় সেবার অংশবিশেষ সরবরাহের লক্ষ্যে কোন সাব-কন্ট্রাক্টর , এজেন্ট বা অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তিকে নিয়োগ করেন , সেইক্ষেত্রে উক্ত সেবা সরবরাহকারীর সাব-কন্ট্রাক্টর , এজেন্ট বা নিয়োগকৃত অন্যকোন সেবা সরবরাহকারী ব্যক্তির নিকট হইতে, উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারি ট্রেজারিতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাইবে না; তবে , প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।"। | প্রকল্পে সেবা গ্রহণকারী কর্তৃক একবার যথাযথভাবে উৎসে মূসক কর্তন করলে পুনরায় সাব - কন্ট্রাক্টর এজেন্ট বা অন্য কোন সেবা সরবরাহকারীর নিকট হতে উৎসে মূসক কর্তন করতে হবে না। |
| ২১. | ধারা ৫০ এর উপ-ধারা (৩) প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৫০ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(৩) সরবরাহকারী উৎসে কর কর্তনকারী সত্তা হইতে উৎসে কর কর্তন সনদপত্র গ্রহণ ব্যতীত হ্রাসকারী সমন্বয় সাধন করিতে পারিবেন না।"। | আইনের সা থে সামঞ্জস্য রেখে ধারাটি পরিবর্তন করা হয়েছে। |
| ২২. | ধারা ৫৩ প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৫৩ এর পরিবর্তে নিম্নরূপ ধারা (৫৩) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"**৫৩। উৎসে কর কর্তন সনদপত্র।**— কোন নিবন্ধিত ব্যক্তির নিকট হইতে উৎসে কর কর্তনকারী সত্তা কোন সরবরাহ গ্রহণের ক্ষেত্রে, উক্ত উৎস কর কর্তনকারী সত্তা তৎকর্তৃক উক্ত সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধের সময় বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিবেন।" | ধারা ৪৯ এর সাথে সামঞ্জস্য রেখে উৎসে কর সনদপত্র ইস্যুর ধারা সংশোধন করা হয়েছে। |
| ২৩. | ধারা ৬৪ সংশোধন | উক্ত আইনের ধারা ৬৪ এর-<br>(ক) উপ-ধারা (১) এর প্রান্তঃস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে; যথা:-<br>"তবে শর্ত থাকে যে, ১৫ (পনেরো) তম দিবসে সরকারি | ১৫ (পনেরো) তারিখ সরকারি ছুটি থাকলে তৎপরবর্তী কার্যদিবসে |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | ছুটি থাকিলে তৎপরবর্তী কার্যদিবসে দাখিলপত্র পেশ করিতে হইবে।”; | রিটার্ন দাখিল করতে হবে। |
| | | (খ) উপ-ধারা (১) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা সংযোজিত হইবে; যথা:-<br><br>“(১ক) এই আইনের অন্যান্য বিধানে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন , প্রাকৃতিক দুর্যোগ , মহামারী, দৈব-দুর্বিপাক বা যুদ্ধের কারণে জনস্বার্থে , বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে , আদেশ দ্বারা , উক্তরূপ আপৎকালীন সময়ের জন্য সুদ ও জরিমানা আদায় হইতে অব্যাহতি প্রদানপূর্বক দাখিলপত্র পেশের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।<br><br>(১খ) উপ-ধারা (১ক) এ উল্লিখিত আদেশ ভূতাপেক্ষ কার্যকরতা প্রদান করা যাইবে।”। | ধারায় বর্ণিত বিশেষ অবস্থার প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনবোধে সরকারের পূর্বানুমোদনক্রমে দাখিলপত্র পেশের সময়সীমা বৃদ্ধি করতে পারবে। |
| ২৪. | ধারা ৬৮ প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৬৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা (৬৮) প্রতিস্থাপন করা হয়েছে।<br>**“৬৮। ঋণাত্মক নীট অর্থ জের টানা ও ফেরত প্রদান।-** (১) যদি কোন কর মেয়াদে উপকরণ কর এবং প্রাপ্য হ্রাসকারী সমন্বয়ের সমষ্টি, উৎপাদ কর, সম্পূরক শুল্ক এবং বৃদ্ধিকারী সমন্বয়ের সমষ্টিকে অতিক্রমের কারণে উক্ত কর মেয়াদে প্রদেয় নীট অর্থের পরিমাণ ঋণাত্মক হয়, তাহা হইলে অতিরিক্ত পরিমাণ অর্থ জের টানিতে হইবে এবং পরবর্তী ছয়টি কর মেয়াদে উক্ত অর্থ বিয়োজন করা যাইবে, তৎপরবর্তীতে অবশিষ্ট অর্থ এই ধারা অনুসারে ফেরৎ প্রদান করিতে হইবে।<br><br>(২) কোন নিবন্ধিত ব্যক্তিকে পূর্ববর্তী কর মেয়াদ হইতে জের টানা অতিরিক্ত অর্থ নিম্নবর্ণিত পদ্ধতিতে হ্রাসকারী সমন্বয় প্রদান করিতে হইবে–<br><br>(ক) সকল উৎপাদ করের পরিমাণ এবং এই ধারার অধীন প্রদত্ত সমন্বয় ব্যতীত অন্যান্য সমুদয় সমন্বয় হিসাবে লইয়া পরবর্তী কর মেয়াদে উক্ত মেয়াদের জন্য প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে হইবে;<br><br>(খ) যদি নিরূপিত অর্থের পরিমাণ ধনাত্মক হয়, তবে পূর্বের কর মেয়াদ হইতে জের টানা অতিরিক্ত অর্থের এমন অংশ হ্রাসকারী সমন্বয় প্রদান করিতে হইবে যাহাতে প্রদেয় অর্থের পরিমাণ শূন্যে হ্রাস পায়;<br><br>(গ) পূর্বের কর মেয়াদ হইতে জের টানা যে পরিমাণ অর্থ দফা (খ) এর অধীন সমন্বয় করা যাইবে | নির্মাণ, গৃহ নির্মাণ, ভূমি উন্নয়ন বা সম্পত্তি উন্নয়ন সংশ্লিষ্ট অর্থনৈতিক কার্যক্রমকে উপকরণের সংজ্ঞা হতে বাদ দেয়ার কারণে এ ধারার সংশোধনী আনা হয়েছে। অর্থাৎ উল্লিখিত ক্ষেত্রে ঋণাত্মক নীট অর্থ জের টানা বা ফেরত প্রদান করা যাবে না। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | না, উহা ততক্ষণ পর্যন্ত জের টানিতে হইবে, যতক্ষণ না–<br>(অ) কোন কর মেয়াদের জন্য জের টানা সমুদয় অতিরিক্ত অর্থ বিয়োজিত হয়; বা<br>(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য জের টানা অতিরিক্ত অর্থের আংশিক বা সমুদয় পরিমাণ ছয়টি কর মেয়াদ পর্যন্ত জের টানা হয়।<br>(৩) যদি ছয়টি কর মেয়াদ যাবৎ জের টানিবার পর অতিরিক্ত অর্থ অবশিষ্ট থাকে, তাহা হইলে–<br>(ক) অতিরিক্ত অর্থের পরিমাণ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার অধিক না হইলে উক্ত পরিমাণ শূন্যে হ্রাস না পাওয়া পর্যন্ত উহার জের টানিতে হইবে, বা<br>(খ) অন্যান্য ক্ষেত্রে, উক্ত পরিমাণ অর্থ নির্ধারিত শর্ত ও পদ্ধতিতে আবেদন প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে ফেরৎ প্রদান করিতে হইবে।”। | |
| ২৫. | ধারা ৭১ সংশোধন | উক্ত আইনের ধারা ৭১ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা মহাপরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | Duty Exemption and Draw Back Office (DEDO) কূটনৈতিক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার মূসক ফেরত প্রদান করবে। |
| ২৬. | ধারা ৭৩ সংশোধন | উক্ত আইনের ধারা ৭৩ এর –<br>(ক) উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা ” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;<br>(খ) উপ-ধারা (১) এর দফা (ক) এর উপ-দফা (অ) এর “, বা অনিয়মিতভাবে উপকরণ কর রেয়াত বা হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিয়াছেন ” কমা ও শব্দগুলি বিলুপ্ত হইবে;<br>(গ) উপ-ধারা (২) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা ” শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত | কর নির্ধারণের ক্ষেত্রে শুধুমাত্র কমিশনার এর পরিবর্তে ধারা ৮৬ তে বর্ণিত সারণী অনুযায়ী কর্মকর্তাগণ আইনের বিধান অনুসরণপূর্বক কর নির্ধারণ করতে পারবেন। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
| --- | --- | --- | --- |
| | | হইবে;<br>(ঘ) উপ-ধারা (৩) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তা " শব্দগুলি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;<br>(ঙ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "কমিশনারকে" শব্দের পরিবর্তে "কমিশনার বা ধারা ৮৬ এর সারণীতে বর্ণিত যথোপযুক্ত কর্মকর্তাকে " শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | |
| | | (চ) উপ-ধারা (৪) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৫) সংযোজিত হইবে, যথা:-<br>"(৫) দাখিলপত্র পরীক্ষায় উপকরণ কর রেয়াত বা হ্রাসকারী সমন্বয় গ্রহণের অনিয়ম উদঘাটিত হইলে সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা উপ-ধারা (২) তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।"। | 'উপকরণ কর রেয়াত' এবং হ্রাসকারী সমন্বয় গ্রহণের অনিয়মের ক্ষেত্রে সহকারী কমিশনার ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ পণ্য মূল্য নির্বিশেষে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে পারবেন। |
| ২৭. | ধারা ৭৬ এর উপ-ধারা (১) প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ৭৬ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(১) যদি কোন ব্যক্তি এই আইনের কোন বিধানের অপব্যাখ্যা বা অপব্যবহার করিয়া কোন পরিকল্পের (scheme) মাধ্যমে কোন কর সুবিধা গ্রহণ করেন বা গ্রহণ করিবার চেষ্টা করেন, তাহা হইলে কমিশনার করদাতাকে শুনানি প্রদান করিয়া নির্ধারিত ক্ষেত্র ও পদ্ধতিতে এমনভাবে কর সুবিধার যথার্থতা নিরূপণ, নির্ধারণ, রদকরণ বা হ্রাসকরণের জন্য যুক্তিযুক্ত আদেশ প্রদান করিতে পারিবেন এবং সুবিধা লাভকারী ব্যক্তির করদায়িতা নিরূপণ করিতে পারিবেন যেন বিশেষ প্রস্তাবটি গৃহীত হয় নাই বা কার্যকর হয় নাই।"। | আইনের ভাষাকে সহজবোধ্য ও প্রাঞ্জল করা হয়েছে। |
| ২৮. | ধারা ৮৩ এর উপ-ধারা (৪) সংযোজন | উক্ত আইনের ধারা ৮৩ এর উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ নতুন উপ-ধারা (৪) সংযোজিত হইবে; যথা:-<br>"(৪) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন , রাজস্ব কর্মকর্তার নিম্নে নহেন এমন কর্মকর্তা তাঁহার | কর আদায় কার্যক্রম মনিটরিং এর সুবিধার্থে রাজস্ব |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | এখতিয়ারাধীন এলাকায় কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানস্থল বা ব্য বসায়স্থল পরিদর্শন এবং মজুদ পণ্য , সেবা, উপকরণ ও হিসাব পরীক্ষা করিতে পারিবেন।”। | কর্মকর্তা এবং তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ তার এখতিয়ারাধীন এলাকার প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করতে পারবেন। |
| ২৯. | ধারা ৮৬ এর উপ-ধারা (৩) সংযোজন | উক্ত আইনের ধারা ৮৬ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নতুন উপ-ধারা (৩) সংযোজন করা হয়েছে।<br>“(৩) যদি কোন ব্যক্তি তৎকর্তৃক সংঘটিত অপরাধ স্বীকার করিয়া সংক্ষিপ্ত ন্যায় নির্ণয়ন এর আবেদন করেন তবে সে ক্ষেত্রে ন্যায় নির্ণয়ণকারী কর্মকর্তা কারণ দর্শানো নোটিশ জারী ও শুনানী গ্রহণ ব্যাতিরেকে কর নির্ধারণ ও উক্ত অপরাধের ন্যায় নির্ণয়ন কার্যক্রম সম্পন্ন করিতে পারিবেন।”। | করদাতাদের সুবিধার্থে কারণ দর্শানো নোটিশ ও শুনানী ব্যতিরেকে সংক্ষিপ্ত ন্যায়-নির্ণয়নের নতুন ধারা সংযোজন করা হয়েছে। |
| ৩০. | ধারা ৯৫ এর উপ-ধারা (১ক) সংশোধন | উক্ত আইনের ধারা ৯৫ এর উপ-ধারা (১ক) তে উল্লিখিত “উপ-কমিশনার” শব্দের পরিবর্তে “সহকারী কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | বকেয়া আদায় কর্মকর্তা হিসেবে উপ-কমিশনার এর পরিবর্তে সহকারী কমিশনার করা হয়েছে। |
| ৩১. | ধারা ১২১ এর উপ-ধারা (২) সংশোধন | উক্ত আইনের ধারা ১২১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২০ (বিশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে। | আপীল দায়েরের ক্ষেত্রে ১০ শতাংশের পরিবর্তে ২০ শতাংশ অর্থ পরিশোধ করতে হবে। |
| ৩২. | ধারা ১২২ এর উপ-ধারা (২) সংশোধন | উক্ত আইনের ধারা ১২২ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “২০ (বিশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে। | আপীল দায়েরের ক্ষেত্রে ১০ শতাংশের পরিবর্তে ২০ শতাংশ অর্থ পরিশোধ করতে |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| | | | হবে। |
| ৩৩. | ধারা ১২৬ সংশোধন | উক্ত আইনের ধারা ১২৬ এর-<br>(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "সম্পূরক শুল্ক" শব্দগুলির পর "বা আগাম কর" শব্দগুলি সন্নিবেশিত হইবে;<br>(খ) উপ-ধারা (২) এ উল্লিখিত "সম্পূরক শুল্ক" শব্দগুলির পর "বা আগাম কর" শব্দগুলি সন্নিবেশিত হইবে;<br>(গ) উপ-ধারা (৩) এ উল্লিখিত "সম্পূরক শুল্ক" শব্দগুলির পর "বা আগাম কর" শব্দগুলি সন্নিবেশিত হইবে। | আগাম কর অব্যাহতির বিষয়টি ধারাতে সংযোজন করা হয়েছে। |
| ৩৪. | ধারা ১৩০ এর উপ-ধারা (২) প্রতিস্থাপন | উক্ত আইনের ধারা ১৩০ এর উপ-ধারা (২) নিম্নরূপে প্রতিস্থাপন করা হয়েছে।<br>"(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, মূসক পরামর্শক নিয়োগের শর্ত, পদ্ধতি ও তাহার দায়-দায়িত্ব নির্ধারণ করিতে পারিবে।"। | মূসক পরামর্শক লাইসেন্স প্রদানের শর্ত ও পদ্ধতি বোর্ড নির্ধারণ করতে পারবে। |

## (ক) প্রথম তফসিলের পরিবর্তনসমূহঃ

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
|---|---|---|---|
| ১. | প্রথম তফসিল | উক্ত আইনের প্রথম তফসিল এর-<br>(ক) প্রথম খন্ডের টেবিলের প্রথম কলামে উল্লিখিত-<br>(অ) শিরোনামা সংখ্যা ০২.০৭ এর বিপরীতে দ্বিতীয় কলামে উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড "০২০৭.১৩.৯০" ও "০২০৭.১৪.৯০" বিলুপ্ত হইবে; | হাঁস মুরগীর সংশ্লিষ্ট এইচ.এস. কোড ০২০৭.১৩.৯০ ও ০২০৭.১৪.৯০ ভূক্ত পণ্যসমূহের উপর আমদানি পর্যায়ে মূসক আরোপ করা হয়েছে। |
| | | (আ) শিরোনামা সংখ্যা "০৪.০৯" এবং তৎবিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে; | প্রাকৃতিক মধু (এইচ.এস. কোড ০৪০৯.০০.৯০) ভূক্ত পণ্যসমূহের উপর আমদানি পর্যায়ে মূসক আরোপ করা হয়েছে। |

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
| --- | --- | --- | --- |
| | | (ই) শিরোনামা সংখ্যা “২৫.০৫” এবং তৎবিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামে উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ নূতন শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-<br>“২৫.০৮ \| ২৫০৮.৪০.০০ \| মাটি”; | ‘মাটি’ কে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। |
| | | (খ) দ্বিতীয় খন্ডের-<br>(অ) অনুচ্ছেদ ৩ (সংস্কৃতি সংশ্লিষ্ট সেবা) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>“(খ) \| পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন, সরকারী গেজেট ছাপা, প্রকাশনা ও বিক্রয় (ছাপাখানা ও বাধাই সংস্থা ব্যতীত);”; | পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন সরকারী গেজেটের ছাপা ও প্রকাশনায় বিদ্যমান মূসক অব্যাহতির অতিরিক্ত বিক্রয় পর্যায়ে অব্যাহতি দেয়া হয়েছে। |
| | | (আ) অনুচ্ছেদ ৪ (অর্থ ও আর্থিক বিষয় সংশ্লিষ্ট সেবা) এর দফা (গ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা:-<br>“(ঘ) \| শেয়ার ক্রয়-বিক্রয় নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম।”; | শেয়ার ক্রয়-বিক্রয় নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতির বিষয়টি আরো স্পষ্টীকরণের জন্য এই সংযোজন করা হয়েছে। |
| | | (ই) অনুচ্ছেদ ৫ (পরিবহন সেবা) এর দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:-<br>“(ঙ) \| এয়ার অ্যাম্বুলেন্স সেবা সংক্রান্ত কার্যক্রম।”। | এয়ার অ্যাম্বুলেন্স সেবা সংক্রান্ত কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। |

**(খ) দ্বিতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ**

| ক্রমিক নং | ধারা | বিষয়বস্তু | নির্দেশনা/করণীয় |
| --- | --- | --- | --- |
| ১. | দ্বিতীয় তফসিলের টেবিল-১ প্রতিস্থাপন | টেবিল-১ (আমদানি পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ) টেবিলটি প্রতিস্থাপন করা হয়েছে। | আমদানি পর্যায়ে বিভিন্ন এইচ .এস. কোডের বিপরীতে সম্পূরক শুল্কের হার পরিবর্তন করা হয়েছে। |
| ২. | দ্বিতীয় তফসিলের টেবিল-২ | টেবিল-২ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য পণ্যসমূহ ) এর কলাম (১) এ উল্লিখিত- | স্থানীয় সরবরাহ পর্যায়ে তফসিলে সিগারেটের উপর সবোর্চ্চ ৬৫ |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td rowspan="3"></td><td rowspan="3">সংশোধন</td><td>(অ) শিরনামা সংখ্যা ২৪.০২ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table>
<tr><td>২৪.০২</td><td>২৪০২.২০.০০</td><td>তামাকযুক্ত সিগারেট</td><td>৬৫</td></tr>
<tr><td></td><td>২৪০২.৯০.০০</td><td>হাতে বা অযান্ত্রিক পদ্ধতিতে তৈরি বিড়ি (ফিল্টারযুক্ত হউক বা না হউক ) এবং অন্যান্য</td><td>৪০</td></tr>
<tr><td>২৪.০৩</td><td>২৪০৩.৯৯.০০</td><td>জর্দা (প্রতি ১০ গ্রামের খুচরা মূল্য ৪০ টাকা অর্থাৎ প্রতি গ্রাম ৪ টাকা)</td><td>৫৫</td></tr>
<tr><td></td><td>২৪০৩.৯৯.০০</td><td>গুল (প্রতি ১০ গ্রামের খুচরা মূল্য ২০ টাকা অর্থাৎ প্রতি গ্রাম ২ টাকা)</td><td>৫৫</td></tr>
</table></td><td>শতাংশ, বিড়ির উপর সর্বোচ্চ ৪০ শতাংশ এবং জর্দা ও গুলের উপর সর্বোচ্চ ৫৫ শতাংশ সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে।</td></tr>
<tr><td>(আ) শিরনামা সংখ্যা ৩৩.০৪ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৩৩.০৪.৯৯.০০ এর বিপরীতে কলাম (৪) এর এন্ট্রিতে উল্লিখিত “৫” সংখ্যার পরিবর্তে “১০” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;</td><td>এইচ.এস. কোড ৩৩.০৪.৯৯.০০ এর আওতায় প্রসাধন সামগ্রীর উপর উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক বৃদ্ধিপূর্বক ১০ শতাংশ করা হয়েছে।</td></tr>
<tr><td>(ই) শিরনামা সংখ্যা ৬৯.১০ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table>
<tr><td>৬৯.১০</td><td>সংশ্লিষ্ট এইচ, এস, কোড</td><td>সিরামিকের সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, কমোড বা উহার অংশ, যে কোন ধরনের প্যান ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স</td><td>১০</td></tr>
<tr><td></td><td>সংশ্লিষ্ট এইচ, এস, কোড</td><td>সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, শাওয়ার ট্রে</td><td>৩০</td></tr>
</table></td><td>সিরামিকের সিঙ্ক বেসিনসহ অন্যান্য আইটেমে স্থানীয় উৎপাদন পর্যায়ে ১০ শতাংশ সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td rowspan="2">৩.</td><td rowspan="2">দ্বিতীয় তফসিলের টেবিল-৩ এর সংশোধন</td><td>টেবিল-৩ (সরবরাহ পর্যায়ে সম্পূরক শুল্ক আরোপযোগ্য সেবাসমূহ ) এর কলাম (১) এ উল্লিখিত-<br>(অ) শিরনামা সংখ্যা S০১২ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table><tr><td>S০১২</td><td>S০১২.১০</td><td>টেলিফোনঃ শুধুমাত্র মোবাইল ফোনের সিম/রিম কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবা</td><td>১৫</td></tr></table>
</td><td>মোবাইল ফোনের সিম/রিম কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার উপর সম্পূরক শুল্ক ১০ শতাংশ থেকে বৃদ্ধি করে ১৫ শতাংশ করা হয়েছে।</td></tr>
<tr><td>(আ) শিরনামা সংখ্যা S০৪৪ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table><tr><td>S০৪৪</td><td>S০৪৪.০০</td><td>বিআরটিএ প্রদত্ত সেবাঃ<br>বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক গাড়ীর (যাত্রীবাহী বাস, পণ্যবাহী ট্রাক ও লরী, এ্যাম্বুলেন্স ও স্কুলবাস ব্যতীত) রেজিস্ট্রেশন, রুট পারমিট, ফিটনেস সনদ, মালিকানা সনদ ইত্যাদি গ্রহণ ও নবায়ন সংক্রান্ত সেবা প্রদানের বিপরীতে গৃহীত সেবামূল্যের (চার্জ বা ফি) উপর</td><td>১৫</td></tr></table>
</td><td>বিআরটিএ প্রদত্ত সেবার উপর সম্পূরক শুল্ক ১০ শতাংশ থেকে বৃদ্ধি করে ১৫ শতাংশ করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td></td><td></td><td>(ই) শিরনামা সংখ্যা S০৫৮ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table>
<tr><td>S০৫৮</td><td>S০৫৮.০০</td><td>চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থাঃ<br>চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা (এয়ার অ্যাম্বুলেন্স ব্যতীত)</td><td>৩০</td></tr>
</table></td><td>চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থার বিপরীতে সম্পূরক শুল্ক ২৫ শতাংশ থেকে বৃদ্ধি করে ৩০ শতাংশ করা হয়েছে।</td></tr>
</table>

**(গ) তৃতীয় তফসিলের পরিবর্তনসমূহঃ**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ধারা</th><th>বিষয়বস্তু</th><th>নির্দেশনা/করণীয়</th></tr>
<tr><td>১.</td><td>তৃতীয় তফসিলের টেবিল-১ (খন্ড-ক) সংশোধন</td><td>উক্ত আইনের তৃতীয় তফসিল এর-<br>(ক) টেবিল-১ (‘খন্ড-ক’ – মূসক আরোপযোগ্য পণ্য) এর কলাম (১) এর-<br>(অ) শিরনামা সংখ্যা ০৯.০৪, ০৯.০৯ ও ০৯.১০ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-
<table>
<tr><td>১১.০৫</td><td>১১০৫.২০.০০</td><td>পটেটো ফ্ল্যাকস</td><td>৫%</td></tr>
<tr><td>১১.০৮</td><td>১১০৮.১২.০০</td><td>Maize (Corn) Starch</td><td>৫%</td></tr>
</table></td><td>পটেটো ফ্ল্যাক্স ও মেইজ (কর্ন) স্টার্চ এর স্থানীয় সরবরাহ পর্যায়ে ১৫ শতাংশের পরিবর্তে ৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td></td><td>(আ) শিরনামা সংখ্যা “৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬” এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
<table>
<tr><td>৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬</td><td>সকল এইচ.এস. কোড</td><td>কৃত্রিম আঁশ দ্বারা তৈরি ফেব্রিক্স, সকল ধরণের, নীচে উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত, যথাঃ-<br>(১) আঁশের কাটা এবং নষ্ট টুকরা (এক মিটারের বেশী দীর্ঘ নয়)<br>(২) কৃত্রিম আঁশের তৈরি ফেব্রিক্স, যা বয়ন বা</td><td>৫%</td></tr>
</table></td><td>‘সিনথেটিক ইয়ার্ন’ এর উপর সুনির্দিষ্ট কর ৬ টাকা/প্রতি কেজি আরোপ করা হয়েছে বিধায় খন্ড-ক এর সংশ্লিষ্ট এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td></td><td></td><td>বুননকারী কারখানা ব্যতীত অন্য কোনো কারখানা প্রক্রিয়াজাতকৃত,<br>(৩) বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন এর নিকট নমুনা হিসেবে বিনামূল্যে সরবরাহকৃত ফেব্রিকস (তিন বর্গমিটারের নীচের আকৃতির), এবং<br>(৪) Taps and Braids</td><td></td></tr></table></td><td></td></tr>
<tr><td></td><td></td><td>(ই) শিরনামা সংখ্যা ৮৫.০৪ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-<table><tr><td>“৮৫.১৭</td><td>৮৫১৭.৬২.৩০</td><td>Router</td><td>৫%</td></tr><tr><td>৮৫.১৭<br>৮৫.২৯<br>৮৫.৩৮</td><td>সংশ্লিষ্ট এইচ.এস. কোড</td><td>Loaded PCB</td><td>৫%</td></tr><tr><td>৮৫.৩৪</td><td>৮৫৩৪.০০.০০</td><td>Printed Circuit Board</td><td>৫%”;</td></tr></table></td><td>Loaded PCB, PCB এবং Router এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ১৫ শতাংশের পরিবর্তে ৫ শতাংশ হারে মূসক আরোপ করা হয়েছে।</td></tr>
<tr><td>২.</td><td>তৃতীয় তফসিলের টেবিল-১ (খন্ড-খ) সংশোধন</td><td>টেবিল-১ (‘খন্ড-খ’ – মূসক আরোপযোগ্য সেবা ) এর কলাম (১) এর-<br><br>(অ) শিরনামা সংখ্যা S০২৪ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;</td><td>আসবাবপত্রের বিপণন কেন্দ্রের মূসক হার পরিবর্তনের কারণে এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td></tr>
<tr><td></td><td></td><td>(আ) শিরনামা সংখ্যা S০৩৬ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;</td><td>শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিসের মূসক হার পরিবর্তনের কারণে এন্ট্রিসমূহ বিলুপ্ত করা হয়েছে।</td></tr>
</table>

<table>
<tr>
<td rowspan="2">৩.</td>
<td rowspan="2">তৃতীয় তফসিলের টেবিল-২ (খন্ড-খ) সংশোধন</td>
<td>টেবিল-২ (‘খন্ড-খ’ – মূসক আরোপযোগ্য সেবা ) এর কলাম (১) এর-<br>(অ) শিরনামা সংখ্যা S০০১ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br><table><tr><td>“S০০১</td><td>S০০১.২০</td><td>নন এসি রেস্তোরাঁ</td><td>৭.৫%”;</td></tr></table></td>
<td>শুধুমাত্র নন এসি রেস্তোরার উপর প্রযোজ্য মূসক ৭.৫%। তাই বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে এ পরিবর্তন আনয়ন করা হয়েছে।</td>
</tr>
<tr>
<td>(আ) শিরনামা সংখ্যা S০২৪ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-<br><table><tr><td>“S০২৪</td><td>S০২৪.২০</td><td>আসবাবপত্রের বিপণন কেন্দ্র</td><td>৭.৫%”;</td></tr></table></td>
<td>আসবাবপত্রের বিপণন কেন্দ্রের উপর ৫ শতাংশ এর পরিবর্তে ৭.৫ শতাংশ মূসক আরোপ করা হয়েছে।</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>তৃতীয় তফসিলের টেবিল-৩ (খন্ড-খ) সংশোধন</td>
<td>টেবিল-৩ এর (‘খন্ড-খ’ – মূসক আরোপযোগ্য সেবা) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩১ এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-<br><table><tr><td>“S০৩৬</td><td>S০৩৬.২০</td><td>শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিস</td><td>১০%”;</td></tr></table></td>
<td>শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকুল লঞ্চ সার্ভিস এর উপর ৫ শতাংশ এর পরিবর্তে ১০ শতাংশ মূসক আরোপ করা হয়েছে।</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td>তৃতীয় তফসিলের টেবিল-৪ (খন্ড-ক) সংশোধন</td>
<td>টেবিল-৪ এর (‘খন্ড-ক’ – মূসক আরোপযোগ্য পণ্য ) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা “৫২.০৫ হইতে ৫২.০৭” এবং তৎবিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ শিরনামা সংখ্যাসমূহ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br><table><tr><th>শিরনামা সংখ্যা (Heading No.)</th><th>সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)</th><th>পণ্য সামগ্রীর বিবরণ</th><th>সুনির্দিষ্ট করের পরিমাণ</th></tr><tr><td>৫২.০৫ হইতে ৫২.০৭</td><td>সকল এইচ.এস. কোড</td><td>কটন সুতা</td><td>৩ (তিন) টাকা/প্রতি কেজি</td></tr><tr><td>৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে</td><td>সকল এইচ.এস. কোড</td><td>কৃত্রিম আঁশ (man made fibre) এবং অন্যান্য আঁশের</td><td>৬ (ছয়) টাকা/প্রতি কেজি”</td></tr></table></td>
<td>কটন সুতার উপর মূসক ৪ টাকা/প্রতি কেজির পরিবর্তে ৩ (তিন) টাকা/প্রতি কেজি আরোপ করা হয়েছে। সিনথেটিক সুতার উপর ৬ (ছয়) টাকা/প্রতি কেজি হিসেবে মূসক আরোপ করা হয়েছে।</td>
</tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ৫৫.১৬ | | সংমিশ্রণে তৈরি ইয়ার্ন, যাহার মধ্যে কৃত্রিম আঁশের আধিক্য রয়েছে | | |

## ০৪। (ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর উল্লিখিত সংশোধনীসমূহঃ

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১. | বিধি ৭ সংশোধন | (ক) উপান্তটীকাসহ সকল স্থানে উল্লিখিত "কমিশনার" শব্দটির পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;<br>(খ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "কমিশনারের" শব্দটির পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | স্ব-উদ্যোগে নিবন্ধন/তালিকাভুক্তকরণের ক্ষেত্রে কমিশনার এর পরিবর্তে বিভাগীয় কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। |
| ২. | বিধি ৮ সংশোধন | বিধি ৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "অনলাইন আবেদনের ক্ষেত্রে দফা (ঘ) এর জন্য ফরম "মূসক-২.১" এ, কাগুজে আবেদন ও অনলাইনে দফা (ক) হইতে দফা (গ) এর জন্য আবেদনের ক্ষেত্রে" শব্দগুলি, বন্ধনীগুলি, বর্ণগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে; | ফরম মূসক-২.১ মূসক নিবন্ধন/তালিকাভুক্তির ফরম যা বাতিলের সাথে সম্পর্কিত না হওয়ার কারণে এ পরিবর্তন আনয়ন হয়েছে। |
| ৩. | বিধি ৯ সংশোধন | বিধি ৯ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "অনলাইন আবেদনের ক্ষেত্রে ফরম "মূসক-২.১" এ, এবং কাগুজে আবেদনের ক্ষেত্রে" শব্দগুলি, চিহ্নগুলি ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে; | ফরম মূসক-২.১ মূসক নিবন্ধন/তালিকাভুক্তির ফরম যা বাতিলের সাথে সম্পর্কিত না হওয়ার কারণে এ পরিবর্তন আনয়ন হয়েছে। |
| ৪. | বিধি ১৯ এর উপ-বিধি (৩) সংশোধন | বিধি ১৯ এর উপ-বিধি (৩) এর দফা (খ) তে উল্লিখিত "৬০ (ষাট)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি এবং "অনলাইনে" শব্দটির পরিবর্তে "অনলাইনে বা কাগুজে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | আগাম কর ফেরত সংক্রান্ত ধারা ৩১(৩) এর সাথে সামঞ্জস্য রেখে এ পরিবর্তন আনয়ন করা হয়েছে। |
| ৫. | বিধি ২১ প্রতিস্থাপন | বিধি ২১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২১ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>**"২১। উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা। —**ধারা ৩২ এর উপ -ধারা (৫) এর উদ্দে শ্য পূরণকল্পে কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য উৎপাদন বা সরবরাহের পূর্বে ফরম "মূসক-৪.৩" এ বিভাগীয় কর্মকর্তার নিকট একটি উপকরণ -উৎপাদ সহগ | প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত উপকরণ-উৎপাদ সহগ (মূসক ৪.৩) বিভাগীয় কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই এবং মতামতসহ একটি অনুলিপি ১৫ |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | (Input-Output Coefficient) দাখিল করিতে হইবে যাহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিতে হইবে। তবে , শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিযোগ্য বা রপ্তানিকৃত পণ্যের ক্ষেত্রে এইরূপ ঘোষণা প্রদান করিতে হইবে না।"; | কার্যদিবসের মধ্যে কমিশনার বরাবর প্রেরণ করবেন। |
| ৬. | বিধি ২৪ক, ২৪খ ও ২৪গ সংযোজন | **"২৪ক। অব্যবহৃত বা ব্যবহারের অনুপযোগী উপকরণের নিষ্পত্তিকরণ।—** (১) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত মূল্য সংযোজন কর প্রদত্ত কোনো উপকরণ পরবর্তীতে ব্যবহারের অনুপযোগী বলিয়া মনে করিলে তিনি উহার নিষ্পত্তিকল্পে ফরম "মূসক-১৮.৭" এ এতদ্‌সংক্রা ন্ত একটি আবেদনপত্র বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে পেশ করিবেন।<br>(২) উপ-বিধি (১) অনুযায়ী অবহিত হ ইবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা তদন্তপূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির ব্যবহারের অনুপযোগী বলিয়া সন্তুষ্ট হইলে তিনি উহা সরবরাহ বা বিনষ্টকরণের সিদ্ধান্ত প্রদান করিবেন এবং বিভাগীয় কর্মকর্তা সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) দিনের মধ্যে একটি প্রতিবেদন কমিশনার বরাবর প্রেরণ করিবেন।<br>(৩) উপ-বিধি (২) এ প্রদত্ত নির্দেশ অনুযায়ী নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ বাবদ গৃহীত রেয়াত পরবর্তী দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয়সাধন করিতে হইবে। | অব্যবহৃত বা ব্যবহার অনুপযোগী উপকরণ নিষ্পত্তির বিধান আইন/বিধিতে না থাকায় এ ধরণের উপকরণ নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হতো। উক্ত জটিলতা নিরসনকল্পে এ বিধান সংযোজন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | **২৪খ। দুর্ঘটনায় ক্ষতিগ্র স্ত বা ধ্বংসপ্রাপ্ত পণ্যের নিষ্পত্তিকরণ।—** (১) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি, তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত বা সরবরাহের জন্য মজুদকৃত পণ্য কোনো দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হইবার বা অন্য কোনো কারণে সরবরাহের অযোগ্য বলিয়া মনে করিলে তিনি উক্তরূপ সরবরাহের অযোগ্য পণ্যের নিষ্পত্তিকল্পে ফরম "মূসক-১৮.৮" এ এতদ্‌সংক্রা ন্ত একটি আবেদনপত্র দুর্ঘটনা সংঘটিত হইবার ২ (দুই) দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে পেশ করিবেন।<br>(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির পর বিভাগীয় কর্মকর্তা তদন্তপূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্য মূল্য ও উহার সাথে সংশ্লিষ্ট প্রদেয় উৎপাদ করের পরিমাণ নির্ণয় করিবেন।<br>(৩) উপ-বিধি (২) এ বর্ণিত পণ্য হ্রাসকৃত মূল্যে আংশিক বা সম্পূর্ণভাবে সরবরাহযোগ্য বিবেচিত হইলে বিভাগীয় কর্মকর্তা উক্তরূপ পণ্যের যৌক্তিক সরবরাহমূল্য নির্ধারণ করিবেন।<br>(৪) বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে, উপ-বিধি (১) এ বর্ণিত পণ্য আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহ বা বিনষ্টকরণ বা অন্য কোনোরূপে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদান করিবেন এবং বিভাগীয় কর্মকর্তা সিদ্ধান্ত প্রদানের ৭ (সাত) দিনের মধ্যে একটি প্রতিবেদন কমিশনার বরাবর প্রেরণ করিবেন।<br>(৫) বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে যথাযথ নির্দেশ প্রাপ্তির পর, নিবন্ধিত ব্যক্তি —<br>(ক) সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণ বাবদ গৃহীত কর রেয়াত পরবর্তী দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন; বা<br>(খ) দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, ন্যায্য বাজার মূল্য ও বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হ্রাসকৃত মূল্যের তারতম্যের ভিত্তিতে আনুপাতিক হারে উপকরণ কর রেয়াত বাতিল করিয়া পরবর্তী দাখিলপত্রে সমন্বয় করিবেন। | দুর্ঘটনায় ক্ষতিগ্র স্ত বা ধ্বংসপ্রাপ্ত পণ্যের নিষ্পত্তির বিধান আইন/বিধিতে না থাকায় এ ধরণের উপকরণ নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হতো। উক্ত জটিলতা নিরসনকল্পে এ বিধান সংযোজন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | **২৪গ। বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই-প্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তিকরণ।** — (১) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি কর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের বর্জ্য বা উপজাত পণ্য সরবরাহযোগ্য বা সরবরাহ অযোগ্য যাহাই হউক না কেন উহা নিষ্পত্তির জন্য ফরম "মূসক-৪.৩" এর মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিবেন।<br>(২) সরবরাহযোগ্য বর্জ্য বা উপজাত পণ্যের করযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজার মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর বিধি ৬ প্রযোজ্য হইবে।<br>(৩) সরবরাহ অযোগ্য বর্জ্য বা উপজাত পণ্যের বাণিজ্যিক মূল্য না থাকার কারণে নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি যতদূর সম্ভব, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) বা উক্ত আইনের অধীন প্রণীত বিধিমালার বিধানাবলী অনুসরণক্রমে উৎপাদনস্থলে কিংবা স্বাস্থ্যগত বা পরিবেশগত বা অবকাঠামোগত কারণে উৎপাদনস্থলের বাহিরে বিভাগীয় কর্মকর্তা বা তৎকর্তৃক মনোনীত মূল্য সংযোজন কর কর্মকর্তার উপস্থিতিতে উক্তরূপ পণ্য সম্পূর্ণরূপে ধ্বংস বা বিনষ্ট করিতে পারিবেন।<br>(৪) উপ-বিধি (৩) এর অধীন কোনো পণ্য ধ্বংস বা বিনষ্ট করা হইলে, বিভাগীয় কর্মকর্তা তৎসম্পর্কিত একটি প্রতিবেদন ধ্বংস বা বিনষ্টকরণের ৭ (সাত) দিনের মধ্যে কমিশনারের নিকট প্রেরণ করিবেন এবং নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি এ সংক্রান্ত দলিলাদি আইনের বিধান মোতাবেক সংরক্ষণ করিবেন।"; | বর্জ্য (ওয়েস্ট) বা উপজাত (বাই-প্রোডাক্ট) পণ্যের সরবরাহ ও নিষ্পত্তির বিধান আইন/বিধিতে না থাকায় এ ধরণের উপকরণ নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হতো। উক্ত জটিলতা নিরসনকল্পে এ বিধান সংযোজন করা হয়েছে। |
| ৭. | বিধি ৪০ সংশোধন | (ক) উপ-বিধি (১) এর দফা (গ) এর-<br>(অ) উপ-দফা (উ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (উ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(উ) পণ্যের বর্ণনা, পরিমাণ, সরবরাহ প্রদানের তারিখ, সময়, যানবাহনের প্রকৃতি ও নম্বর;"; | 'যানবাহনের প্রকৃতি ও নম্বর' উল্লেখপূর্বক চালানপত্র ইস্যু করার বিধান করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | (আ) উপ-দফা (অঅ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (অঅ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(অঅ) মূল চালানপত্রটি ক্রেতাকে প্রদান করিতে হইবে, যাহা পণ্য পরিবহণকালে যানবাহনের সহিত থাকিতে হইবে এবং অনুলিপি নিবন্ধিত ব্যক্তি সংরক্ষণ করিবেন এইরূপ ন্যূনতম ২ (দুই) প্রস্থে কর চালানপত্র।"; | পণ্য পরিবহনকালে মূল 'চালানপত্র' যানবাহনের সাথে রাখার বিধান করা হয়েছে। |
| | | (খ) উপ-বিধি (৬) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৭) সংযোজিত হইবে, যথা:-<br>"(৭) বোর্ড, সরকারি গেজেটে আদেশ দ্বারা , কোনো নিবন্ধিত ব্যক্তি কর্তৃক তাহাদের নিজস্ব ফরমেটে ইস্যুকৃত বিল বা ইনভয়েসকে কর চালানপত্র হিসাবে ঘোষণা করিতে পারিবে।"; | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত বিল বা ইনভয়েসকে চালানপত্র হিসেবে ঘোষণার বিধান করা হয়েছে। |
| ৮. | বিধি ৪৭ এর উপ-বিধি (৩) সংশোধন | (ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(খ) নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বা বিভাগীয় দপ্তর বা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়;" | অন্যান্য কার্যালয়ের পাশাপাশি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিলপত্র পেশ করা যাবে। |
| | | (খ) দফা (গ) তে উল্লিখিত "সেবা কেন্দ্র" শব্দগুলির পরিবর্তে "স্থান" শব্দটি প্রতিস্থাপিত হইবে; | দাখিলপত্র পেশের ক্ষেত্রে "সেবা কেন্দ্র" এর পরিবর্তে "স্থান" সন্নিবেশিত হয়েছে। |
| ৯. | বিধি (৫৩) বিলুপ্ত | বিধি ৫৩ বিলুপ্ত হইবে; | নির্মাণ, গৃহ বা ভবন নির্মাণ, ভূমি বা সম্পত্তি উন্নয়ন উপকরণ নয় বিধায় বিধিটি বিলুপ্ত করা হয়েছে। |
| ১০. | বিধি ৫৫ সংশোধন | (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত-<br>(অ) "ফরম "মূসক-১০.১" এ" শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত হইবে;<br>(আ) "কমিশনার" শব্দের পরিবর্তে "কমিশনার বা মহাপরিচালক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;<br><br>(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "কমিশনার" শব্দের পরিবর্তে "কমিশনার বা মহাপরিচালক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে। | কূটনৈতিক এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কর Duty Exemption and Draw Back Office (DEDO) কর্তৃক ফেরত প্রদান করা হবে বিধায় সংশোধন আনয়ন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১১. | বিধি ৬১ এর উপ-বিধি (৫) প্রতিস্থাপন | বিধি ৬১ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(৫) তল্লাশি ও রেকর্ডপত্র , দলিলপত্র, পণ্য বা পণ্যবাহী যান জব্দকরণের পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম "মূসক-১২.৪" এ প্রাথমিক প্রতিবেদন ও ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ফরম "মূসক-১২.৫" এ চূড়ান্ত প্রতিবেদন কমিশনার বরাবর দাখিল করিতে হইবে।"; | রেকর্ড, দলিলপত্র, পণ্য বা পণ্যবাহী যান জব্দকরণের পর প্রতিবেদন প্রদানের সময় যৌক্তিক করা হয়েছে। |
| ১২. | বিধি ৬৮ এর উপ-বিধি (১) সংশোধন | বিধি ৬৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "উপ-কমিশনারের" শব্দটির পরিবর্তে "সহকারী কমিশনারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; | সহকারী কমিশনারের নিম্নে নয় এমন কোন কর্মকর্তা Debt Recovery Officer হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। |
| ১৩. | বিধি ৮৩ বিলুপ্ত | বিধি ৮৩ এর শেষাংশে উল্লিখিত "বকেয়া আদায় কর্মকর্তা" শব্দগুলি বিলুপ্ত হইবে; | শব্দগুলি দুইবার থাকায় একবার বিলুপ্ত করা হয়েছে। |
| ১৪. | বিধি ১০৯ প্রতিস্থাপন | বিধি ১০৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০৯ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>**"১০৯। মূসক পরামর্শক লাইসেন্স প্রদান পদ্ধতি।**- (১) বোর্ড বিধি ১১০ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি গণের নিকট হইতে ফরম "মূসক-১৮.১" এ মূসক পরামর্শক লাইসেন্সের আবেদন গ্রহণ করিবার লক্ষ্যে প্রতি বৎসর জুলাই মাসে একটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকা এবং নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।<br>(২) যোগ্য প্রার্থীগণ প্রতি বৎসর জুলাই -ডিসেম্বর মেয়াদে বিধি ১১১ এ বর্ণিত দলিলাদিসহ ৫ (পাঁচ) হাজার টাকা ফি সহ মহাপরিচালক , কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি বরাবর আবেদন করিতে পারিবেন।<br>(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চূড়ান্ত করিবেন এবং উহা ওয়েবসাইটে প্রকাশ করিবেন।<br>(৪) মহাপরিচালক প্রাপ্ত আবেদনের ভিত্তিতে সুবিধাজনক সময়ে এতদ্ সংশ্লিষ্ট বিধিমালায় বর্ণিত সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণ করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় দাখিলকৃত দলিলাদির | মূসক পরামর্শক লাইসেন্স প্রদান পদ্ধতি সহজ ও যৌক্তিক করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| | | সত্যতা নিশ্চিত করিবেন।<br>(৫) মহাপরিচালক পরীক্ষা গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে ফলাফল প্রকাশ করিবেন এবং উত্তীর্ণ প্রার্থীদেরকে মূসক নিবন্ধন গ্রহণ করিতে হইবে।<br>(৬) মহাপরিচালক মূসক নিবন্ধিত উত্তীর্ণ প্রার্থীগণকে যথাযথ নিরাপত্তা বৈশিষ্ট্য সংবলিত ফরম "মূসক-১৮.১ক" এ মূসক পরামর্শ ক লাইসেন্স প্রদান করিবেন।<br>(৭) মূসক পরামর্শক নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ব্যয় উপ -বিধি (২) এর অধীন আদায়কৃত ফি হইতে পরিশোধ করা হইবে।<br>(৮) মূল্য সংযোজন কর বিভাগে জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেডের নিম্নে নহেন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর কাজ করিবার অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণকে উপ -বিধি (৪) এর অধীন পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে না।<br>(৯) এই আইন ও বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, মূল্য সংযোজন কর আইন , ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন ) এর অধীন প্রদত্ত মূসক পরামর্শক লাইসেন্সসমূহ এই আইনের আওতায় প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।"; | |
| ১৫. | বিধি ১১০ এর উপ-বিধি (১) প্রতিস্থাপন | বিধি ১১০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>(১) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্ন বর্ণিত যোগ্যতা থাকিতে হইবে , যথা:-<br>(ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে;<br>(খ) আবেদনের তারিখে বয়স অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর হইতে হইবে;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হইতে হইবে ।"; | মূসক পরামর্শক লাইসেন্স প্রদান পদ্ধতি সহজ ও যৌক্তিক করা হয়েছে। |
| ১৬. | বিধি ১১১ এর দফা (ঙ) প্রতিস্থাপন | বিধি ১১১ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে আবেদন ফি হিসাবে ৫ (পাঁচ) হাজার টাকা মূল্যমানের পে -অর্ডার বা ব্যাংক ড্রাফট।"; | আবেদন ফি কমানো হয়েছে। |

| ক্র/ নং | বিধি | বিষয়বস্তু | নির্দেশনা/ করণীয় |
|---|---|---|---|
| ১৭. | বিধি ১১২ বিলুপ্ত | বিধি ১১২ বিলুপ্ত হইবে; | |
| ১৮. | বিধি ১১৮খ সংযোজন | বিধি ১১৮ক এর পর নিম্নরূপ নূতন বিধি ১১৮খ সংযোজিত হইবে, যথা:-<br>**"১১৮খ। সরবরাহ প্রদান হইতে সাময়িক বিরতির ঘোষণা।** (১) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি করযোগ্য সরবরাহ প্রদান হইতে সাময়িকভাবে বিরত থাকিতে চাহিলে তিনি অন্যূন ৪৮ (আটচল্লিশ) ঘণ্টা পূর্বে বিভাগীয় কর্মকর্তাকে উহা অবহিত করিবেন এবং উক্তরূপে অবহিত হইবার ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে বিভাগীয় কর্মকর্তা বা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তা নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির মজুত উপকরণ এবং প্রস্তুতকৃত পণ্যের বা সেবার সরেজমিন হিসাব গ্রহণ করিবেন।<br>(২) কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি করযোগ্য সরবরাহ হইতে বিরত থাকিলে এবং পরবর্তীতে পুনরায় উহা আরম্ভ করিতে চাহিলে উক্তরূপ আরম্ভ করিবার পূর্ববর্তী কার্যদিবসে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।"; | কোন প্রতিষ্ঠান সরবরাহ প্রদান হতে সাময়িক বিরত থাকলে বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে তা বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং বিভাগীয় কর্মকর্তা বিধি দ্বারা নির্ধারিত সময়ে ব্যবস্থা গ্রহণ করবেন। |

**(খ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর অধীন সংশোধিত বা প্রতিস্থাপিত বা বাতিলকৃত ফরমসমূহ নিম্নরূপঃ**

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| ১. | ফরম "মূসক-৬.২.১" | ফরম মূসক-৬.২.১ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি মূসক ক্রয়-বিক্রয় হিসাব সংক্রান্ত। |
| ২. | ফরম "মূসক-৬.৩" | ফরম মূসক-৬.৩ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি মূসক চালানপত্র। |
| ৩. | ফরম "মূসক-৬.৫" | ফরম মূসক-৬.৫ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি শাখা ইউনিটে পণ্য স্থানান্তর সংক্রান্ত মূসক চালানপত্র। |
| ৪. | ফরম "মূসক-৬.৭" | ফরম মূসক-৬.৭ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি মূসক ক্রেডিট নোট সংক্রান্ত। |
| ৫. | ফরম "মূসক-৬.৮" | ফরম মূসক-৬.৮ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি মূসক ডেবিট নোট সংক্রান্ত। |
| ৬. | ফরম "মূসক-৯.২" | ফরম মূসক-৯.২ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি টার্নওভার কর দাখিলপত্র। |
| ৭. | ফরম "মূসক-১০.১" | ফরম মূসক-১০.১ বিলুপ্ত করা হয়েছে। | ফরমটি কূটনৈতিক বা আন্তর্জাতিক সংস্থার কর ফেরতের আবেদন |

| ক্রমিক নং | মূসক ফরম | প্রস্তাবিত সংশোধন | ফরমের বিষয় |
|---|---|---|---|
| ৮. | ফরম "মূসক-১৮.১" | ফরম মূসক-১৮.১ প্রতিস্থাপন করা হয়েছে। | ফরমটি মূসক পরামর্শক লাইসেন্সের আবেদন |
| ৯. | ফরম "মূসক-১৮.১ক" | ফরম মূসক-১৮.১ক নতুন সংযোজন করা হয়েছে। | ফরমটি মূসক পরামর্শক লাইসেন্স |
| ১০. | ফরম "মূসক-১৮.৭" | ফরম মূসক-১৮.৭ নতুন সংযোজন করা হয়েছে। | ফরমটি অব্যবহৃত বা ব্যবহার অনুপযোগী উপকরণ নিষ্পত্তির আবেদন |
| ১১. | ফরম "মূসক-১৮.৮" | ফরম মূসক-১৮.৮ নতুন সংযোজন করা হয়েছে। | ফরমটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ বা ধ্বংসপ্রাপ্ত বা সরবরাহের অযোগ্য পণ্য নিষ্পত্তির আবেদন |

**০৫।** The Excises and Salt Act, 1944, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক বিধিমালা , ২০১৬ এর আওতায় যে সকল প্রজ্ঞাপন ও আদেশ জারি করা হয়েছে, তার তালিকাঃ

**(ক) প্রজ্ঞাপনসমূহের তালিকাঃ**

(১) প্রজ্ঞাপন এসআরও নং-১৪২-আইন/২০২০/১০৩-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা , ২০১৬ এ প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(২) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৩-আইন/২০২০/১০৪-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে এসআরও নং -২৩১-আইন/২০১৭/৩১৮-মূসক তারিখঃ ০১.০৭.২০১৭ খ্রিস্টাব্দ রহিতপূর্বক ব্যাংক হিসাবের আবগারি শুল্ক পুনঃনির্ধারণ করা হয়েছে;

(৩) প্রজ্ঞাপন এসআরও নং-১৪৪-আইন/২০২০/১০৫-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আমদানি, আমদানি ও উৎপাদন, উৎপাদন, সেবা ও ব্যবসায়ী পর্যায়ে বর্তমানের ন্যায় অব্যাহতি প্রদান করা হয়েছে;

(৪) প্রজ্ঞাপন এসআরও নং -১৪৫-আইন/২০২০/১০৬-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা , ২০১৯ প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(৫) প্রজ্ঞাপন এসআরও নং -১৪৬-আইন/২০২০/১০৭-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে;

(৬) প্রজ্ঞাপন এসআরও নং -১৪৭-আইন/২০২০/১০৮-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রজ্ঞাপন এসআরও নং -১৮৫-আইন/২০১৯/৪২-মূসক তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ রহিতপূর্বক সিগারেট, বিড়ি, জর্দা ও গুল এর খুচরা মূল্য ওসম্পূরক শুল্ক নির্ধারণ করা হয়েছে;

(৭) প্রজ্ঞাপন এসআরও নং -১৪৮-আইন/২০২০/১০৯-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বিধি ৫ এর মাধ্যমে মূল্য নির্ধারণের জন্য ন্যায্য বাজার মূল্য বিধিমালা সংশোধন করা হয়েছে;

(৮) উৎসে মূল্য সংযোজন কর আদায় বিধিমালা , ২০১৯ রহিতপূর্বক প্রজ্ঞাপন এসআরও নং-১৪৯-আইন/২০২০/১১০-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে উৎসে কর্তনের দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে;

(৯) প্রজ্ঞাপন এসআরও নং-১৫০-আইন/২০২০/১১১-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে স্যানিটারি ন্যাপকিন ও ডায়াপার তৈরীর উপকরণের এইচএস কোড সংশোধন করা হয়েছে;

(১০) প্রজ্ঞাপন এসআরও নং-১৫১-আইন/২০২০/১১২-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আগাম কর আরোপ/অব্যাহতি সংক্রান্ত কতিপয় সংশোধন করা হয়েছে;

(১১) প্রজ্ঞাপন এসআরও নং-১৫২-আইন/২০২০/১১৩-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মূল্য সংযোজন কর -পরামর্শক (লাইসেন্স) বিধিমালায় কতিপয় সংশোধন করা হয়েছে;

(১২) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৩-আইন/২০২০/১১৪-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে কমিশনারের দায়িত্ব ও কর্তব্য সম্পাদনের ক্ষমতা অর্প ণ সংক্রান্ত দিক নির্দেশনায় কতিপয় সংশোধন করা হয়েছে;

(১৩) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৪-আইন/২০২০/১১৫-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে মোবাইল ফোন শিল্পের অব্যাহতির মেয়াদ বৃদ্ধিসহ কিছু সংশোধন করা হয়েছে;

(১৪) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৫-আইন/২০২০/১১৬-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে তামাকজাত পণ্যকে নির্দিষ্ট হারের অতিরিক্ত সম্পূরক শুল্ক হতে অব্যাহতি প্রদান করা হয়েছে;

(১৫) প্রজ্ঞাপন এসআরও নং-১৫৬-আইন/২০২০/১১৭-মূসক তারিখঃ ১১.০৬.২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বিড়ির সম্পূরক শুল্ক আংশিক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপনটি রহিত করা হয়েছে।

**(খ) আদেশসমূহের তালিকাঃ**

(১) আদেশ নং-০৬/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সিগারেটের মূল্যস্তর ভেদে স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার এবং মূসক ও সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে;

(২) আদেশ নং-০৭/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বিড়ির ব্যান্ডরোল ব্যবহার ও মূসক এবং সম্পূরক শুল্ক আদায়ের দিক-নির্দেশনা সংক্রান্ত আদেশ জারি করা হয়েছে;

(৩) আদেশ নং-০৮/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে সমুদ্রগামী জাহাজ এর অব্যাহতি সংক্রান্ত আদেশ সংশোধন করা হয়েছে;

(৪) আদেশ নং-০৯/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে আইনে উপকরণের সংজ্ঞা অন্তর্ভুক্ত করায় উপকরণের পরিধি সংক্রান্ত সাধারণ আদেশ নং-২৩/মূসক/২০১৯ তারিখ: ২৬.১০.২০১৯ বাতিল করা হয়েছে;

(৫) আদেশ নং-১০/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে উৎপাদনকারী কর্তৃক ৪% আগাম কর পরিশোধপূর্বক উপকরণ আমদানির ক্ষেত্রে একটি নতুন সাধারণ আদেশ জারী করা হয়েছে;

(৬) আদেশ নং-১১/মূসক/২০২০ তারিখ: ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ডেডো কর্তৃক কূটনৈতিকদের রিফান্ড প্রদানের একটি নতুন সাধারণ আদেশ জারী করা হয়েছে।

**০৬। উপরোক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহে আবগারী শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অব্যাহতি/আরোপ সংক্রান্ত উল্লেখযোগ্য সংশোধনীসমূহ আনা হয়েছে যথা:-**

(ক) The Excises and Salt Act, 1944 (Act No. 1 of 1944) এর আওতায় ব্যাংক হিসাবের স্থিতির উপর আবগারি শুল্কের হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে:

| ব্যাংকে ডেবিট বা ক্রেডিট হিসাবের পরিমাণ (বছরের যে কোন সময়) | বিদ্যমান হার (টাকা) | প্রস্তাবিত হার (টাকা) |
|---|---|---|
| ১ লক্ষ টাকা পর্যন্ত | ০/= | ০/= |
| ১ লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫ লক্ষ টাকা পর্যন্ত | ১৫০/= | ১৫০/= |
| ৫ লক্ষ টাকার উর্ধ্বে হতে ১০ লক্ষ টাকা পর্যন্ত | ৫০০/= | ৫০০/= |
| ১০ লক্ষ টাকার উর্ধ্বে হতে ১ কোটি টাকা পর্যন্ত | ২,৫০০/= | ৩,০০০/= |
| ১ কোটি টাকার উর্ধ্বে হতে ৫ কোটি টাকা পর্যন্ত | ১২,০০০/= | ১৫,০০০/= |
| ৫ কোটি টাকার উর্ধ্বে | ২৫,০০০/= | ৪০,০০০/= |

**(খ) মূসক অব্যাহতি প্রদানঃ**

| পণ্যের এইচএস কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 0207.13.90 | Fresh or chilled Cuts and Offal of fowls in bulk | উৎপাদন, ব্যবসায়ী পর্যায়ে |
| 0207.14.90 | Frozen Cuts and Offal of fowls in bulk | উৎপাদন, ব্যবসায়ী পর্যায়ে |
| 0409.00.90 | প্রাকৃতিক মধু (২.৫ কেজি পর্যন্ত মোড়ক বা টিনজাত ব্যতীত) | উৎপাদন পর্যায়ে |
| 1514.11.00<br>1514.19.00 | সরিষার তেল | উৎপাদন পর্যায়ে |
| 85.07 সংশ্লিষ্ট এইচ.এস. কোড | IDCOL এর পার্টনার অর্গানাইজেশনসমূহের 60 AMP পর্যন্ত সোলার ব্যাটারী ক্রয়ের ক্ষেত্রে | উৎপাদন পর্যায়ে |
| 3002.15.00 | COVID-19 Test Kits<br>(based on Immunological Reactions) | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 3822.00.00 | Covid 19 Test Kits based on polymerase chain reaction acid test | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 3926.20.90 | Protective garments made from plastic sheeting (medical purpose) | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 3926.20.90 | Plastic face shields (covering more than the eye area) (medical purpose) | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 6210.10.00 | Protective garments for surgical/medical use (medical purpose) | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 6211.33.00<br>6211.39.00<br>6211.43.00<br>6211.49.00 | Medical Protective gear | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |

| পণ্যের এইচএস কোড/সেবার কোড | পণ্য/সেবার নাম | যে পর্যায়ে অব্যাহতি |
|---|---|---|
| 9004.90.00 | Protective spectacles and goggles for medical use | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| 9018.90.90<br>9020.00.00 | 3-ply/3 layer surgical Mask (Including Face Mask) | উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| ৩০.০২, ৩০.০৩ ও ৩০.০৪ সংশ্লিষ্ট এইচ.এস. কোড | কোভিড-১৯ নিরোধক ঔষধ | আমদানি, উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে |
| S০৯৯.৪০ | মেডিটেশন সেবা (৩০ জুন, ২০২১ পর্যন্ত) | সেবা প্রদান পর্যায়ে |
| 84.32 ও 84.33 সংশ্লিষ্ট এইচ.এস. কোড | থ্রেসার মেশিন, পাওয়ার রিপার, পাওয়ার টিলার অপারেটেড সিডার, কম্বাইন্ড হারভেসটর ও রোটারী টিলার | ব্যবসায়ী পর্যায়ে |

**(গ) তামাক ও তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে তামাকের ব্যবহার হ্রাস করে জনস্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে তামাকজাত পণ্যের উপর নিম্নরূপ হারে সম্পূরক শুল্ক এ সংশোধন করা হয়েছে।**

| বিদ্যমান মূল্য (১০ শলাকার জন্য) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত মূল্য (১০ শলাকার জন্য) টাকা | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ৩৭ টাকা ও তদূর্ধ্ব | ৫৫ | ৩৯ টাকা ও তদূর্ধ্ব | ৫৭ |
| ৬৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ৬৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ৯৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ৯৭ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| ১২৩ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ | ১২৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

**(ঘ) বিড়ির ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক নিম্নরুপে নির্ধারণ করা হয়েছে:**

| বিড়ির ধরন | শলাকা (প্রতি প্যাকেট) | বিদ্যমান মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | প্রস্তাবিত মূল্য (ভ্যাট ও সম্পূরক শুল্কসহ) টাকা | বিদ্যমান সম্পূরক শুল্ক হার (%) | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | ৮ শলাকা | ৪.৪৮ টাকা | ৬.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ১২ শলাকা | ৬.৭২ টাকা | ৯.০০ টাকা | ৩০ | ৩০ |
| | ২৫ শলাকা | ১৪.০০ টাকা | ১৮.০০ টাকা | ৩০ | ৩০ |
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | ১০ শলাকা | ৮.৫০ টাকা | ১০.০০ টাকা | ৪০ | ৪০ |
| | ২০ শলাকা | ১৭.০০ টাকা | ১৯.০০ টাকা | ৪০ | ৪০ |

(ঙ) **জর্দা ও গুলের ক্ষেত্রে সর্বোচ্চ খুচরা মূল্য নির্ধারণপূর্বক সম্পূরক শুল্ক নিম্নরূপে নির্ধারণ করা হয়েছে:**

| পণ্যের নাম | একক | বিদ্যমান মূল্য | প্রস্তাবিত মূল্য | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|---|---|
| জর্দা | প্রতি দশ গ্রাম | ৩০ টাকা | ৪০ টাকা | ৫০% | ৫৫% |
| গুল | প্রতি দশ গ্রাম | ১৫ টাকা | ২০ টাকা | ৫০% | ৫৫% |

০৭। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০ ২০ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০ ২০ এ The Excises and Salt Act, 1944, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর সম্পর্কিত অংশ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহের আলোকে যথাযথ সরকারি রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে , এ সকল বিষয়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১৮ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো।

০৮। এই নির্দেশিকা মাঠ পর্যায়ের ভ্যাট ও কাস্টমস কর্মকর্তাদের ভ্যাট বিষয়ে বাজেটে গৃহীত প্রস্তাবনাসমূহ সহজে অনুধাবন করার লক্ষ্যে একটি দলিল মাত্র। সুতরাং আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশের কোনো বিষয়, তথ্য বা অন্য কোনো ক্ষেত্রে এই নির্দেশিকার কোনো বক্তব্যে/তথ্যে অসংগতি পরিলক্ষিত হলে সেক্ষেত্রে আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশের বক্তব্য স্বাভাবিকভাবেই প্রধান্য পাবে। এ কারণে বিবেচ্য নির্দেশিকায় বর্ণিত বিষয়সমূহ সহ সংশ্লিষ্ট আইন, বিধিমালা, প্রজ্ঞাপন ও সাধারণ আদেশসমূহ মনোযোগ সহকারে পাঠপূর্বক তা সহকর্মীদের নিয়ে আলোচনার মাধ্যমে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৯। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারিকৃত অর্থ বিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/**১১/০৬/২০২০খ্রি:
**[ কাজী ফরিদ উদ্দীন ]**
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ ৮৩৯২৩০২।
E-mail: kazifarid75@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৩-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট, মূসক, ঢাকা।
১৫-১৬। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

১৭। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং
একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৮-২১। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক (আপীল), চট্টগ্রাম/
ঢাকা-১/ঢাকা-২/খুলনা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০১.২০/১৯৭ তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/১১ জুন,২০২০খ্রিঃ

**<u>অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ</u>**

১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আইসিডি-কমলাপুর/পানগাঁও।
৮-৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
১০। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

**স্বাক্ষরিত/**১১/০৬/২০২০খ্রি:
**[কাজী রেজাউল হাসান]**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: rezahasan.nbr@gmail.com